



ESTD - 2003

Mob : 9831188739
E : 033-65198316

LIFE FRONT OF HUMAN RIGHTS

A Society in pursuit of freedom & joy of life

Regd. No - S/1L/59288/09

Regd. & Head Office :

ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S.-SANKRAIL
HOWRAH - 711 302 (W.B.)

Email-lifefront@indiatimes.com.

www.lfohr.webs.com

Ref. No. O/AGS/16/12.

Date. 16/07/2012

মাননীয়,
ভাঃ সুদর্শন ঘোষদত্তদার
পরিবেশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী
মহাকরন ভবন
কোলকাতা-১

বিষয় :- বে-আইনিভাবে কোন জলাশয় ও পুকুর ভরাট করা যাবে না,
প্রয়োজনে আইনত কঠোর ও উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আবেদন
পত্র।

মহাশয়,

প্রথমেই আপনাকে জানাই আমাদের সংগঠনের পক্ষ হইতে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা।
আমাদের রাজ্যে সমস্ত জায়গায় সর্বত্রই চলছে রমরমিগ্নে পুকুর ও জলাশয় ভরাটের কাজ। নিজেদের স্বার্থ
চরিতার্থ করার উদ্দেশ্যে কিছু দুষ্টি চরিত্রের প্রমোটার এই কাজে লিপ্ত। এই সমস্ত দোষী ব্যক্তিদের বে-
আইনি কাজে মদত জুগিয়ে চলেছেন রাজ্যের কিছু প্রশাসনিক মহলের আধিকারিকগণ। যেমন- পঞ্চায়েত,
মিউনিসিপ্যালিটি, বি.ডি.ও সহ কিছু পুলিশ আধিকারিকগণ। West Bengal Inland Fisheries Act.1984
এই আইন অনুযায়ী পুকুর বা জলাশয় ভরাট আইনত বে-আইনি। বিশেষতঃ পুকুর বা জলাশয়
স্বল্প পরিমাণ ৫ কাঠা বা তার বেশী এবং যা মৎস চাষের জন্য উপযোগী, বা পরিবেশ রক্ষার জন্য
প্রয়োজনীয়, তার চরিত্র, প্রকৃতি বা পরিকাঠামো কোন ভাবেই অবৈধ ভাবে পরিবর্তন করে বাস্তব
জমিতে পরিবর্তন করা যাইবে না 17(2) ধারায় উল্লেখ রয়েছে। 17(10) ধারা অনুযায়ী আরো উল্লেখ
রয়েছে যে ঐ ভরাট করা পুকুর বা জলাশয় পুনরায় পূর্ববর্তী অবস্থায় ফিরিয়ে দিতে হইবে।
সংবিধানের West Bengal Inland Fisheries Act. 1984 এর 17A(11) ধারায় উল্লেখ রয়েছে উক্ত দোষী
ব্যক্তি অর্থাৎ আইন ভঙ্গকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া যেতে পারে। এই অপরাধের
জন্য মহামান্য সুপ্রীম কোর্টের নিয়মানুযায়ী ভারতীয় সংবিধানে আইনত 3 বছর পর্যন্ত জেল বা 5
লক্ষ টাকা পর্যন্ত জরিমানা বা জেল ও জরিমানা দুই হইতে পারে। ভারতীয় সংবিধানে মানবাধিকার
আইনে 21নং ধারায় বাঁচার ও জীবন ধারণের মৌলিক অধিকার সুস্থ ও দূষণ মুক্ত পরিবেশে
সকলেরই আছে। গত ইং ২৯/৫/১২ তারিখে যার Ref no - O/GS/44/12 আপনাদের দপ্তরে
হাওড়া জেলার সাঁকরাইল থানার অধীনস্থ আন্দুল পূর্বপাড়ার নিকট আন্দুল মৌজায় অনুমানিক ১৪
কাঠার একটি জলাশয় ভরাট করে বহুতল আবাসন করিবার মনস্থির করেন মহামান্য হাইকোর্টের
নির্দেশ অমান্য করে হাওড়া জেলার জগাছা থানার অন্তর্গত উনসানীর বাসিন্দা সাঁজাহান খানের
পুত্র সাবির হোসেন, এই বিষয় একটি আবেদন পত্র পাঠাই।

RECEIVED
CONTENTS NOT VERIFIED
16.7.12

OFFICE OF I.C. ENVIRONMENT
GOVT. OF WEST BENGAL
HOWRAH

RECEIVED
CONTENTS NOT VERIFIED
03/08/12
OFFICE OF THE COMMISSIONER OF POLICE
HOWRAH



ESTD - 2003

Mob. : 9831188739
T : 033-65198316

LIFE FRONT OF HUMAN RIGHTS

A Society in pursuit of freedom & joy of life

Regd. No. - S/1L/59288/09

Regd. & Head Office :

ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S.-SANKRAIL

HOWRAH - 711 302 (W.B.)

Email-lifefront@indiatimes.com.

www.lfohr.webs.com

Ref. No.....

Date...16/07/2012

গত ইং ৯/৭/১২ তারিখে আমাদের ডোমজুড় ও জগাছা শাখার সম্পাদক চন্দন মল্লিক আমাদের হেড অফিসে জেনারেল সেক্রেটারী মহাশয় কে জগাছা থানার অন্তর্গত উনসানি মৌজার পুইলা গ্রামে জলাশয় ও পুকুর ভরাট করাকে কেন্দ্র করে গ্রামবাসী বৃন্দের দেওয়া একটি অভিযোগ পত্রের কপি পাঠান। M/S B.M Highrise Private Ltd. নামক কোম্পানীর মালিক Mr. Vijay Sham Mahtani জগাছা থানার অন্তর্গত উনসানি মৌজার পুইলা গ্রামে জলাশয় ভরাটের কাজ করছেন। উক্ত বিষয় ৪/৬/১২ তারিখ Pollution Control Board, Secretary, Land & land reforms Department সহ ৬/৬/১২ তারিখ হাওড়া জেলা শাসক, হাওড়া মিউনিসিপ্যালিটি, কমিশনার অব পুলিশ ও জগাছা থানাকে জানান, যার Ref no - HR/12-13/65 কিন্তু এখনো এর বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এই বিষয়ে জেনারেল সেক্রেটারী মহাশয় আমাকে জানালে আমি, সমস্ত দপ্তরে ডোমজুড় ও জগাছা শাখার সম্পাদকের দেওয়া কপি এই আবেদন পত্রের সহিত পাঠাইলাম।

এতএব, মহাশয় এই জলাশয় ভরাট এর মত বে-আইনি কাজের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহন একান্তই প্রয়োজন। এই বিষয় রাজ্যের বিভিন্ন জেলায় থাকা আমাদের মানবাধিকার কম্মীরা সর্বক্ষণ নজর রেখে চলেছে এবং এই বিষয়ে বহু পত্র কখনো আমাদের জেনারেল সেক্রেটারী ও আমি আপনাদের দপ্তরে পাঠাই। আমরা আপনাকে এই বিষয় যথেষ্ট সহযোগীতার হাত বাড়িয়ে দেব। এ বিষয় আপনার মতামত একান্তই প্রয়োজন। রাজ্যের এই রূপ দোষী দুষ্ট চরিত্রের প্রোমটার-দের বিরুদ্ধে জামিন অযোগ্য খারায় মামলা করা একান্তই প্রয়োজন বলে আমি মনে করি।



Copy to-

✓ মাননীয় কমিশনার অব পুলিশ
হাওড়া

✓ মাননীয় অফিসার ইনচার্জ
জগাছা থানা, হাওড়া

RECEIVED
Contents Not Verified

AGACHA P. S.
HOWRAH